Times Today BD

সিনিয়র রিপোর্টার | চট্টগ্রাম | 19 April, 2025

বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, এখন পর্যন্ত হাসিনার দৃশ্যমান কোনো বিচার হয়নি। আমরা সর্বপ্রথম হাসিনার বিচার দেখতে চাই। তারপর হাসিনার পরিবারের বিচার, গুম-খুন ও দুঃশাসনের বিচার আমরা দেখতে চাই।

তিনি বলেন, দেশে সংস্কারও হবে, নির্বাচনও হবে। এই প্রক্রিয়া না থাকলে গণতন্ত্রের ভিত শক্তিশালী হবে না। যতদিন পর্যন্ত গণতন্ত্রের শক্ত ভিত না থাকবে, ততদিন ফ্যাসিবাদী শক্তি জনগণকে শোষণ করবে। দেশ থেকে ফ্যাসিবাদ ধ্বংস হয়ে যাক, এই কর্তৃত্ববাদ ধ্বংস হয়ে যাক, এটাই আমাদের আগামী দিনের স্লোগান।

শনিবার (১৯ এপ্রিল) দুপুরে লক্ষ্মীপুর পৌরসভা, সদর (পূর্ব) ও চন্দ্রগঞ্জ থানা যুবদলের প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে এ্যানি এসব কথা বলেন। শহরের পুরাতন গোহাটা সড়কের বশির ভিলা হল রুমে এ সভার আয়োজন করা হয়।

শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, ৫ আগস্ট যেসব থানা লুট হয়েছে, সেই অস্ত্র এখনো উদ্ধার হয়নি। এখন পর্যন্ত অস্ত্রগুলো উদ্ধারে কোনো অভিযানও করা হয়নি। অবিলম্বে সব অবৈধ অস্ত্র উদ্ধারে অভিযান শুরু করতে হবে। বিগত সময়ে যারা গুম খুনের সাথে জড়িত ছিল, যারা এক ব্যক্তির শাসন করেছে, যারা ফ্যাসিবাদ কায়েম করছে, সাধারণ মানুষের আন্দোলনের মুখে তারা পালিয়ে যেতে বাধ্য হয়েছে।

তিনি বলেন, ঢাকা-চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে ঝটিকা মিছিল করে আবার ফ্যাসিবাদ

কায়েমের চেষ্টা চলছে। আওয়ামী লীগের দুঃশাসন, অত্যাচার, নির্যাতন, খুন ও গুম দেশের মানুষ এখনো ভুলে যায়নি। তাই কোনো ভাবেই আবারো সেই সুযোগ বাংলাদেশের মাটিতে দেওয়া হবে না।

চন্দ্রগঞ্জ থানা যুবদলের আহ্বায়ক এনায়েত উল্যার সভাপতিত্বে এবং লক্ষ্মীপুর পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহম্মেদ ও সদর উপজেলা (পূর্ব) যুবদলের আহ্বায়ক জাহাঙ্গীর আলমের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব সাহাব উদ্দিন সাবু, যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট হাছিবুর রহমান, জেলা যুবদলের আহ্বায়ক রেজাউল করিম লিটন, সদস্য সচিব আব্দুল আলিম হুমায়ুন ও যুগ্ম আহ্বায়ক সৈয়দ রশিদুল হাসান লিংকন প্রমুখ।

বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:45

URL: https://www.timestodaybd.com/public/chittagong/1074848155